

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 21-12-2024

Time: 7.50P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) বাংলার বাড়ি প্রকল্পে ১২ লক্ষ উপভোক্তাকে বড় দিনের আগেই প্রথম কিস্তির টাকা দেওয়া হবে বলে রাজ্য সরকার জানিয়েছে।
- ২) রাজ্য সরকারের আবেদন মতো প্রাকৃতিক বিপর্যয়ের মধ্যে পড়া রাজ্যগুলির জন্য বিশেষ আর্থিক প্যাকেজের অনুমোদন দেবে কেন্দ্রীয় সরকার।
- ৩) স্বনির্ভর গোষ্ঠীগুলিকে আর্থিকভাবে আরও শক্তিশালী করে তুলতে অতিরিক্ত ১০ কোটি টাকা বরাদ্দ রাখ্যের।
- ৪) নিম্নচাপ ও পশ্চিমী ঝাঙ্গাঁর প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ হাঞ্চা বৃষ্টি হয়েছে।
- ৫) বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা ৬ উইকেটে দিল্লিকে পরাজিত করেছে। আই এস এল ফুটবলে যুব ভারতী ক্রীড়াসংগে ইস্টবেঙ্গল মুখোমুখি হয়েছে জামশেদপুর এফ সি-র।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বড়দিনের আগেই বাংলার বাড়ি প্রকল্পে, ১২ লক্ষ উপভোক্তাকে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শেষ হবে। রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার জানিয়েছেন, প্রথম চার দিনেই সাত লক্ষ উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা পাঠানো হয়ে গিয়েছে। বাকি পাঁচ লক্ষ একাউন্টে বড়দিনের আগেই টাকা দেওয়ার লক্ষ্যে তাঁর দফতর কাজ করছে। প্রসঙ্গত গত ১৭ই ডিসেম্বর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বাংলার বাড়ি প্রকল্পের টাকা দেওয়ার সূচনা করেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের আবেদন মেনে কেন্দ্রীয় সরকার প্রাকৃতিক বিপর্যয় পড়া রাজ্যগুলির জন্য বিশেষ আর্থিক প্যাকেজের অনুমোদন দেবে। জিএসটি কাউন্সিলের বৈঠকের আগে গতকাল রাজস্থানের জয়সলমীরে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন প্রাক্ বাজেট বৈঠকে বিভিন্ন রাজ্যের অর্থমন্ত্রীদের সঙ্গে আলোচনায় বসেছিলেন। সেখানেই কাউন্সিলের বৈঠকে যোগ দিতে যাওয়া রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এই রাজ্যের মত প্রাকৃতিক বিপর্যয় পড়া রাজ্যগুলির ক্ষতিগ্রস্ত এলাকা পুনর্গঠনের কাজ খানিকটা সহজ করতে বিশেষ আর্থিক সহায়তা দেওয়ার আবেদন জানান। কেন্দ্রীয়মন্ত্রী তা মেনে নিয়ে এই সমস্ত রাজ্যগুলির জন্য বিনা সুদে ঋণ দেওয়ার ব্যবস্থার বিষয়ে সম্মতি দিয়েছেন বলে নবান্ন সূত্রে খবর। পাশাপাশি বিভিন্ন রাজ্যকে ৫০ বছরের জন্য বিনা সুদে যে পঞ্চাশ শতাংশ হারে ঋণদানের সুবিধা দেওয়া হয় তার সুবিধা যেন এই রাজ্য পায় সেই বিষয়টি দেখবেন বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী আশ্বাস দিয়েছেন।

উল্লেখ্য, আজ জয়সলমীরে ৫৫-তম জিএসটি কাউন্সিলের বৈঠক বসে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের পৌরোহিত্যে এই বৈঠকে রাজ্যের প্রতিনিধিত্ব করেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

০০০০০০০০০০০০০০০০০০০

স্বনির্ভুর গোষ্ঠীগুলিকে আরও শক্তিশালী করে তুলতে রাজ্য সরকার অতিরিক্ত ১০ কোটি টাকা বরাদ্দ করেছে। ‘আনন্দধারা’ প্রকল্পের আওতায় এই বরাদ্দ করা হয়েছে। এই সিদ্ধান্তের ফলে ১২ লক্ষের বেশি স্বনির্ভুর গোষ্ঠী ও তার সঙ্গে জড়িত ১ কোটি ২১ লক্ষ পরিবার উপকৃত হবেন।

প্রসঙ্গত, এর আগে রাজ্য সরকার স্বনির্ভুর গোষ্ঠীর জন্য অনুদান বাড়িয়েছে। ২০২১-২২ আর্থিক বছর থেকে এই অনুদানের পরিমাণ দ্বিগুণ বাড়িয়ে ৫০০ কোটি টাকা থেকে করা হয়েছে হাজার কোটি টাকা।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের সমবায় ব্যবস্থাকে আরো মজবুত করতে সরকার এবার জেলায় জেলায় অতিরিক্ত জেলাশাসক পদমর্যাদার একজন আধিকারিককে নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে। সমবায় দফতরের সঙ্গে সমন্বয় রেখে তাঁরা জেলায় জেলায় সারাবছর ধরে সমবায় ব্যবস্থাকে আরও জোরদার করবেন। প্রত্যেক মাসে সংশ্লিষ্ট জেলার সমবায়, তাদের মাধ্যমে দেওয়া ঝণ, ঝণের হার বৃদ্ধি, নতুন সদস্য প্রভৃতি বিষয়ে রিপোর্ট তৈরির দায়িত্বও থাকবেন ওই আধিকারিকরা।

উল্লেখ্য, এতদিন সমবায়ের জন্য কোনো আধিকারিককে নির্দিষ্টভাবে দ্বায়িত্ব দেওয়া হত না। অনেক জেলাতেই নিচুতলার আধিকারিকরা এই কাজ সামলাতেন। এতে সমবায়ের কাজকর্ম পরিচালনার ক্ষেত্রে বেশ কিছু সমস্যা হচ্ছিল বলে প্রশাসনিক সূত্রে খবর। সেই জন্যই এবার একজন অতিরিক্ত জেলাশাসককে ওই কাজের দ্বায়িত্ব দেওয়ার নির্দেশ দেওয়া হল।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের প্রস্তাব মেনে আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোস, ডক্টর রফিকুল ইসলামকে আলিয়া বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্য নিয়োগ করেছেন। উল্লেখ্য

রাজ্যের ৩৬ টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে এখনো পর্যন্ত ১৬ টি তে উপাচার্য নিয়োগ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে মতুয়ারা কিছু কিছু জায়গায় অত্যাচারিত হচ্ছেন বলে বনগাঁ-র সাংসদ, কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর অভিযোগ করেছেন। বাংলাদেশের অন্তর্বর্তী সরকার সংখ্যালঘুদের ওপর অত্যাচার বন্ধে কোন পদক্ষেপ নিচ্ছে না বলেও তিনি মন্তব্য করেন। আজ বনগাঁ-তে একটি প্রদর্শনীতে যোগ দিয়ে একথা বলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী।

(বাইট - শান্তনু ঠাকুর)

বিষয়টি নিয়ে ভারত সরকারকেই ব্যবস্থা নিতে হবে বলে তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

(বাইট কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার জমি অধিগ্রহণের ক্ষেত্রে সহযোগিতা না করায় রাজ্যের একাধিক রেল প্রকল্পের কাজ থমকে রয়েছে বলে রেল মন্ত্রক জানিয়েছে। নবদ্বীপ ঘাট, নবদ্বীপ ধাম, চন্দনেশ্বর- জলেশ্বর , বালুরঘাট- হিলি, সাঁইথিয়া, সীতারামপুর বাইপাস-এর মতো বিভিন্ন প্রকল্পের জন্য ৩ হাজার ৪০ হেক্টার জমির প্রয়োজন হলেও এখনো পর্যন্ত সেখানে মাত্র ৬৪০ হেক্টার জমি অধিগ্রহণ হয়েছে। সেই কারণে বিভিন্ন প্রকল্পের কাজে এগোনো যাচ্ছে না বলে মন্ত্রকের তরফে দাবি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্টার্নেট আকাশবাণী সংবাদ কলকাতা এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্তে ন্যায় বিচারের দাবিতে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডেভেলপমেন্ট এবং অভয়া মধ্যের তরফে ডরিনা ক্রিসিং-এর কাছে ওয়াই চ্যানেলে অবস্থান বিক্ষেপ চলেছে। রাজ্য সরকার সন্দীপ ঘোষের বিরুদ্ধে চার্জশিট পেশে অনুমোদন না দেওয়ার কারণে তিনি জামিন পেয়ে গেছেন, এমনটাই অভিযোগ জয়েন্ট প্ল্যাটফর্মে। আজ সকালে মধ্যের আকার নিয়ে পুলিশের সঙ্গে অবস্থানরত চিকিৎসকদের বচসা বাধে। আজ অবস্থান মধ্যে সামিল বহু সাধারণ মানুষ। বিক্ষেপ চলবে আগামী ২৬-শে ডিসেম্বর রাত পর্যন্ত।

এদিকে, ডাক্তারদের বিক্ষেপ কর্মসূচীর প্রতি সমর্থন জানিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। আর জি কর-এর ঘটনায় বিচারের নামে প্রহসন হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

(বাইট - অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিক নিয়োগ দুর্নিতী কান্তে আজ সিবিআই আজ ধৃত সুজয় কৃষ্ণ ভদ্রকে ব্যাঙ্ক শাল আদালতে তোলা তুললে , আদালত তাঁকে চোদ্দ দিনের জেল হেফাজত দিয়েছে। সিবিআই সূত্রে জানা গেছে তদন্তে অসহযোগিতা করার জন্য সুজয় কৃষ্ণ ভদ্রকে তারা নিজেদের হেফাজতে চায়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিউ আলিপুরে বি পি পোদার হাসপাতালের কাছে বস্তিতে আজ সন্ধ্যায় আগুন লেগেছে বলে খবর। দমকলের ১২-টি ইঞ্জিন ঘটনাস্থলে গেছে। রয়েছেন মন্ত্রী অরূপ বিশ্বাসও। হাসপাতালের পাশে একটি বহুতল বিল্ডিং-এর জানালায় আগুন ছড়িয়ে পড়েছে। ভবনটি খালি করে দিয়েছে দমকল।

এই মুহূর্তে যান চলাচল বন্ধ আছে দুর্গাপুর ব্রীজে। পাশের সেনা ক্যাম্প থেকে আগুন নেভানোর কাজে হাত লাগিয়েছেন সেনা কর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার নামখানার মৌসুনী দ্বীপে একটি হোমস্টে-তে আজ বিকেলে বিধ্বংসী আগুন লাগে। পর্যটকরা কোন ক্রমে রক্ষা পেলেও কটেজটি পুরোপুরি ভূমীভূত হয়েছে। এই কটেজগুলিতে দমকলের কোন ছাড়পত্র নেই, নেই অগ্নিনির্বাপণ ব্যবস্থাও। এদিনের অগ্নিকান্ড পর্যটকদের নিরাপত্তা নিয়ে বড়সড় প্রশংসিত তুলে দিয়েছে। ঘটনার খবর করতে গেলে সাংবাদিকদের বাধা দেওয়ারও অভিযোগ উঠেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার হরিশচন্দ্রপুর থানার সালালপুরে বাড়ির সামনে থেকে দুক্তিরা এক ব্যবসায়ীর কন্যা সন্তানকে অপহরণ করে নিয়ে যাওয়ায় চাপ্পল্য ছড়িয়েছে। জানা গেছে, আফরোজা খাতুন নামে বছর সাতেকের ওই নাবালিকা বাড়ির সামনের রাস্তায় খেলার সময় দুই যুবক মোটরবাইকে এসে তাকে তুলে নিয়ে চলে যায়। মা, মালা বিবির চিৎকার শুনে প্রতিবেশীরা দৌড়ে আসেন। ব্যবসায়িক শক্তির কারণে এই অপহরণ কিনা পুলিশ তা খতিয়ে দেখছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের হাওড়া স্টেশনের কাছে বেনারস রোডে ওভার ব্রীজ নির্মাণের কাজ চলার জন্য ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। আজ থেকে ২২ শে জানুয়ারি পর্যন্ত

হাওড়া থেকে ব্যান্ডেল, শেওরাফুলি, বেলুরমঠ, শ্রীরামপুরের মধ্যে চলাচলকারী বেশ কিছু EMU লোকাল বাতিল থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা ও সংলগ্ন এলাকায় গতরাত থেকেই শুরু হয়েছে হাঙ্কা বৃষ্টি। বৃষ্টির কারণে তাপমাত্রা কিছুটা বেড়েছে। আলিপুর আবহাওয়া দণ্ডরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা ডস্ট্রি সোমনাথ দত্ত আকাশবাণীকে জানান, বঙ্গোপসাগরে সৃষ্টি নিম্নচাপের প্রত্যক্ষ প্রভাব স্থলভূমিতে না থাকলেও পশ্চিমী ঝঁঝার কারণে দক্ষিণ বঙ্গে এই বৃষ্টিপাত।

বাইট

কোলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে আগামীকাল পর্যন্ত আকাশ মেঘলা থাকবে ও হালকা বৃষ্টির সম্ভবনা। সোমবার থেকে শুষ্ক আবহাওয়া ফিরবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হায়দরাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক ষ্টেডিয়ামে আজ বিজয় হাজারে ট্রফি একদিনের ক্রিকেটে বাংলা ছয় উইকেটে দিল্লীকে পরাজিত করেছে। জয়ের জন্য ২৭৩ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে বাংলা ৪১ ওভার তিন বলে চার উইকেট প্রয়োজনীয় রান তুলে নেয়। অভিষেক পোড়েল ১৭০ রানে অপরাজিত থাকেন। এরআগে দিল্লী নির্ধারিত ৫০ ওভারে করেছিল সাত উইকেটে ২৭২ রান। মুকেশ কুমার চারটি উইকেট নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যুব ভারতী ক্রীড়াসনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, জামশেদপুর এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে ইস্টবেঙ্গল ১১ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার একাদশ স্থানে আছে। ১০ ম্যাচে ১৮ পয়েন্ট পেয়ে জামশেদপুর সপ্তম স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০

তেলেঙ্গানায় আজ জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির ম্যাচে বাংলা, মণিপুরের মুখোমুখি হয়েছে। তিন ম্যাচে নয় পয়েন্ট নিয়ে বাংলা লিগ তালিকার দ্বিতীয় স্থানে আছে। সমসংখ্যক ম্যাচে মণিপুর সাত পয়েন্ট পেয়ে তিন নম্বর স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০